গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

“ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ি ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক রোডসহ) মাওয়া পর্যন্ত এবং পাচ্চর-ভাংগা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেনে উন্নয়ন প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ প্রকল্প” শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত ডিপিইসি সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নজরুল ইসলাম সচিব
সভার তারিখ	১৫ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ০২.৩০ মিনিট
স্থান	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভা কক্ষ
উপস্থিতি	zoom online

২. উপস্থাপনা:

সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতিরিক্ত সচিব (পরিকল্পনা) সভাকে অবহিত করেন যে, রাজধানী ঢাকাসহ দেশের অন্যান্য অংশের সাথে দক্ষিণ-পশ্চিম বঙ্গের বিশেষ করে বৃহত্তর ফরিদপুর, বরিশাল এবং খুলনা এলাকার সড়ক সংযোগ বৃদ্ধিকরণ, আন্তঃজেলা বাণিজ্যে সহায়তা প্রদান, দেশের দক্ষিণ-পশ্চিম অংশের শিল্পায়নের উন্নয়নসহ দক্ষিণ-পূর্ব অংশের আর্থসামাজিক উন্নয়ন বৃদ্ধিকরণ, সড়কের নিরাপত্তা বিষয়ক উন্নয়ন এবং ঢাকা খুলনা (এন-৮) মহাসড়কের অসামপ্ত কাজ সমাপ্তকরণের লক্ষ্যে মূহ যথাযথমানে উন্নীতকরণসহ কার্যক্ষম, যানজট মুক্ত, সড়ক দুর্ঘটনা হ্রাসের মাধ্যমে নিরাপদ সড়ক যোগাযোগ প্রতিষ্ঠা করে প্রকল্প এলাকার জনসাধারনের আর্থসামাজিক অবস্থার উন্নয়ন সাধনের লক্ষ্যে “ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ি ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া- বাবুবাজার লিংক রোডসহ) মাওয়া পর্যন্ত এবং পাচ্চর-ভাংগা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেনে উন্নয়ন প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ প্রকল্প” শীর্ষক প্রকল্পটি মোট ৪১১১.৮৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে ০১/১১/২০১৮ হতে ৩০/০৬/২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৪/১১/২০১৪ তারিখের একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে গত ১৯/০৬/২০১৯ তারিখে আইএমইডি’র সুপারিশক্রমে মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়ন মেয়াদ নভেম্বর, ২০১৮ হতে জুন, ২০২০ পর্যন্ত ১(এক) বছর বৃদ্ধি করা হয়। এছাড়া, কোভিড-১৯ পরিস্থিতির কারনে গত ১৯/০৫/২০২০ তারিখে অনুষ্ঠিত এনইসি সভার সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম বিভাগের ২২/০৬/২০২০ তারিখের ৮৯নং পত্রের মাধ্যমে বর্ণিত প্রকল্পের মেয়াদ স্বয়ংক্রিয়ভাবে জুন, ২০২১ পর্যন্ত বৃদ্ধি করা হয়। গত ১০ নভেম্বর ২০২১ তারিখে আইএমইডি এর সুপারিশক্রমে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদকাল ০১/১১/২০১৮ হতে ৩০/০৬/২০২২ পর্যন্ত শেষ বারের মত ৩য় বার ০১ (এক) বছর বৃদ্ধি করা হয়। জুন ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৩৭৬২.৯৮ কোটি টাকা। ২০২১-২০২২ অর্থবছরে প্রকল্পটির অনুকূলে বরাদ্দ ৯২.০০ কোটি টাকা। ২০২১-২২ অর্থবছরের নভেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ৪৬.০০ কোটি টাকা এবং ক্রমপুঞ্জিত ব্যয় ৩৮০৮.৯৮ কোটি টাকা। বাস্তব অগ্রগতি ৯২.৬৩%। প্রকল্পের আওতায় নতুন কাজের অন্তর্ভুক্তি, কাজের পরিমাণ বৃদ্ধি, ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণ প্রভৃতি কারণে ডিপিপি সংশোধনের প্রস্তাব পর্যালোচনা ও অনুমোদনের সুপারিশ প্রদানের লক্ষ্যে প্রস্তাব পর্যালোচনা ও অনুমোদনের সুপারিশ প্রদানের লক্ষ্যে zoom online-এ ডিপিইসি সভা আহবান করা হয়েছে।

৩. আলোচনা:

৩.১ বাংলাদেশ সেনাবাহিনীর নিযুক্ত প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, ৪-লেন মূল সড়ক এবং ধীরগতি যানবাহনের জন্য আরো ২-লেন করে ৪-লেন অর্থাৎ মোট ৮-লেন সড়কে নিরাপদ ও নিরবিচ্ছিন্ন সড়ক যোগাযোগ নিশ্চিত করার লক্ষ্যে প্রস্তাবিত সংশোধিত ডিপিপি'তে রিমডেলিংসহ মাওয়া রাউন্ডএবাউট, পাঁচ্চর রাউন্ডএবাউট নির্মাণ ব্যয় সংশোধন প্রস্তাবে অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রস্তাব অনুযায়ী মাওয়া ও পাঁচ্চর গোল চত্বর নির্মাণ, ফিলিং স্টেশনের পেছনের সড়ক নির্মাণ ও বুড়িগঙ্গা ব্রীজের নিচের রাস্তা নির্মাণ বাবদ পেভমেন্ট অঙ্গে ৪৮.৩৬ কোটি টাকা ব্যয় বৃদ্ধি করা প্রয়োজন। তাছাড়া, ০২টি গোলচত্বর (মাওয়া ও ভাঙ্গা), ফিলিং স্টেশনের পেছনের সড়ক এবং বুড়িগঙ্গা ব্রীজের নিচের রাস্তাসহ স্ট্রাকচারের মাটির কাজ বাবদ বাস্তবতার নিরিখে ১৪.৪৭ কোটি টাকা বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।

৩.২ সভাকে জানানো হয় যে, ঢাকা-মাওয়া মহাসড়কে বিদ্যমান পুরাতন ব্রীজসমূহের বর্তমান অবস্থার কথা বিবেচনা করে ব্রীজসমূহের এপ্রোচ সড়ক, এক্সপানশন জয়েন্ট এবং কোনো কোনো ক্ষেত্রে বেয়ারিং প্যাড অকেজো হওয়ায় সংস্কার করা অতীব প্রয়োজন। এডিপি পর্যালোচনা সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পের মধ্যে অবস্থিত মাওয়া ও ভাঙ্গা প্রান্তে স্কুল কলেজের ছাত্র-ছাত্রী এবং সড়কের দুই পাশের বাজারসহ স্থানীয় জনসাধারণের জন্য ব্যস্ততম এই এক্সপ্রেসওয়ে পারাপারে অতিরিক্ত ফুটওভার ব্রীজ নির্মাণের প্রস্তাব করা হয়েছে। সড়কের মাঝখানে যথাযথ Fencing এর ব্যবস্থা রেখে ফুটওভার ব্রীজ নির্মাণ করা হবে বিধায় এ খাতে ব্যয় বৃদ্ধি পাবে। প্রকল্পের আওতায় যাত্রাবাড়ী জিরো পয়েন্ট এলাকায় Face of Bangabandhu Sheikh Mujibur Rahman (The Kelpies Theme) মনুমেন্ট (স্মৃতিফলক) নির্মাণ কাজ সংশোধিত ডিপিপিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। পুরাতন ব্রীজ রিপেয়ার, ২০টি ফুটওভার ব্রীজসহ স্ট্রাকচারাল কাজ বেড়ে যাওয়ায় ব্রীজ পিসি গার্ডার অঙ্গে ৮৫.৬৮ কোটি টাকা ব্যয় বৃদ্ধি করা প্রয়োজন। গুরুত্বপূর্ণ স্থানসমূহে ফুটওভার ব্রীজ নির্মাণ নিশ্চিত করার জন্য প্রকল্প কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদান করা হয়।

৩.৩ সভাকে অবহিত করা হয় যে, অনুমোদিত ডিপিপি'র বিভিন্ন অঙ্গের মধ্যে পরামর্শক খাতের ব্যয় ২১.০০ কোটি টাকা, মাটি দৃঢ়করণ খাতে ১৪.৫৪ কোটি টাকা, রক্ষাপ্রদ কাজে ২৬.৯৬ কোটি টাকা ও ইউটিলিটি শিফটিং খাতে ৪০.০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয় হ্রাস পাবে। কাজের পরিমান কমে যাওয়ায় এ খাতসমূহে ব্যয় হ্রাস করার প্রস্তাব করা হয়েছে। এক্ষেত্রে, বিভিন্ন অঙ্গের পরিমাণের হ্রাস-বৃদ্ধি ও নতুন কাজ অন্তর্ভুক্ত হওয়ায় মূল অনুমোদিত ডিপিপি অপেক্ষা প্রস্তাবিত আরডিপিপি'তে ৩৯.৯৪ কোটি টাকা বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে, যা মোট প্রাক্কলিত ব্যয়ের ০.৯৭% বেশি।

৩.৪ অতিরিক্ত সচিব (পরিকল্পনা) সভাকে জানান যে, ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের পাঁচ্চর চত্বরসহ মাদারীপুর-শিবচর মহাসড়কের ট্রাফিক সমস্যা চিহ্নিতকরণ বিষয়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক গঠিত কমিটি ইতোমধ্যে সরেজমিন পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করেছে। পাঁচ্চর পয়েন্টে যানবাহন মহাসড়কের এপার-ওপার যাতায়াতসহ প্রয়োজনীয় বাসস্ট্যান্ড ও আনুসাঙ্গিক সুবিধাদি স্থাপনের নিমিত্ত স্বল্প মেয়াদি ও দীর্ঘ মেয়াদি পরিকল্পনা গ্রহণ করে তা বাস্তবায়ন করা প্রয়োজন মর্মে তিনি সভাকে অবহিত করেন। এ প্রসঙ্গে সেনাবাহিনীর প্রতিনিধি সভাকে জানান যে, ইতোমধ্যে পাঁচ্চর চত্বরে মাদারীপুর-শিবচর মহাসড়কের যানবাহন ও যাত্রীদের চলাচল সুবিধা নিশ্চিত করার জন্য প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদকালের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সওজ অধিদপ্তরের টেকনিক্যাল সার্ভিসেস উইং এর ভেটিং গ্রহণ করে এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করার জন্য নির্দেশনা দেয়া হয়।

৪. সুপারিশ/সিদ্ধান্ত:

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ প্রতিপালন সাপেক্ষে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী পর্যায়ে ডিপিপি সংশোধন প্রস্তাব অনুমোদনের জন্য সুপারিশ করা হ'ল:

৪.১ মাওয়া ও পাঁচ্চর গোল চত্বর নির্মাণ, ফিলিং স্টেশনের পেছনের সড়ক নির্মাণ ও বুড়িগঙ্গা ব্রীজের নিচের রাস্তা নির্মাণ বাবদ পেভমেন্ট এবং মাটির কাজ অঙ্গে সুপারিশকৃত ব্যয় সীমার মধ্যে সীমাবদ্ধ রেখে এ অংগের অর্থ সংস্থান বৃদ্ধির প্রস্তাব সংশোধিত ডিপিপি'তে অন্তর্ভুক্ত করতে হবে;

৪.২ পুরাতন ব্রীজসমূহ রিপেয়ার এবং ২০টি ফুটওভার ব্রীজসহ স্ট্রাকচারাল কাজ বৃদ্ধি পাওয়ায় ব্রীজ পিসি গার্ডার অঙ্গে সুপারিশকৃত ব্যয় সীমার মধ্যে সীমাবদ্ধ রেখে অর্থ সংস্থান বৃদ্ধির প্রস্তাব সংশোধিত ডিপিপি'তে অন্তর্ভুক্ত করতে হবে;

৪.৩ প্রকল্পের আওতাধীন সড়কের গুরুত্বপূর্ণ স্থানসমূহে ফুটওভার ব্রীজ নির্মাণ নিশ্চিত করতে হবে;

৪.৪ প্রকল্পের আওতায় যে সকল অঙ্গের ব্যয় হ্রাস পাবে তা সংশোধিত ডিপিপি'তে যথাযথভাবে প্রতিফলন করতে হবে;

৪.৫ প্রকল্পটি আবশ্যিকভাবে জুন ২০২২ এ সমাপ্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করতে হবে;

৪.৬ পাঁচ্চর চত্বরে মাদারীপুর-শিবচর মহাসড়কের যানবাহন ও যাত্রীদের চলাচল সুবিধা নিশ্চিত করার জন্য গৃহীতব্য প্ল্যান সওজ অধিদপ্তরের টেকনিক্যাল সার্ভিসেস উইং এর ভেটিং গ্রহণ নিশ্চিত করে আলোচ্য প্রকল্পের সময় ও সুপারিশকৃত অতিরিক্ত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ রেখে যথাসম্ভব সমস্যার সমাধানের ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং

৪.৭ ডিপিইসি সভার উপরোক্ত সুপারিশসমূহ প্রতিপালনপূর্বক মন্ত্রণালয় পর্যায়ে নির্ধারিত অর্থ বৃদ্ধির সীমার মধ্যে সীমাবদ্ধ রেখে পুনর্গঠিত সংশোধিত আরডিপিপি অনুমোদনের লক্ষ্যে দ্রুত এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৫. আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নজরুল ইসলাম
সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০১৭.১৮.৬৮৭

তারিখ: ৮ পৌষ ১৪২৮
২৩ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৪) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫) সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৭) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৮) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-ই-বাংলা নগর, ঢাকা
৯) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর
১০) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), উন্নয়ন অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২) প্রধান (অতিরিক্ত সচিব), এনইসি-একনেক ও সমন্বয় উইং, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা
১৩) মহাপরিচালক, সদর দপ্তর ২৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্রিগেড, ঢাকা সেনানিবাস, ঢাকা
১৪) যুগ্মসচিব, উপসচিব (পরিকল্পনা ও পরিসংখ্যান), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর
১৬) অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক, "ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে

(ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পাঁচ্চর-ভাঙ্গা অংশে যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেনে উন্নীতকরণ প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ” শীর্ষক প্রকল্প, সওজ অধিদপ্তর, এলেনবাড়ী, ঢাকা

১৭) প্রকল্প পরিচালক, “ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পাঁচ্চর-ভাঙ্গা অংশে যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেনে উন্নীতকরণ প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ” শীর্ষক প্রকল্প, এসডব্লিউও (পশ্চিম), ঢাকা সেনানিবাস, ঢাকা

১৮) যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), জিএফডিপি (ইস্ট) শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৯) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

২০) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি ইউনিট (সিনিয়র সিস্টেম এনালিস্ট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

আবদুল্লাহ-আল-মাসুদ
সিনিয়র সহকারী সচিব